

B.A. 2nd Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: বাংলা সাহিত্যে ইতিহাস (আধুনিক যুগ)

Course Code: 20118

Course ID: APBNG-201-C-1B

সময়ঃ ২ ঘণ্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

- ক) 'বীরঙ্গনা' কাব্যের অনুপ্রেরণা হিসাবে কোন পাশ্চাত্য কবির কোন গ্রন্থের নাম উল্লেখ করে থাকি ?
খ) 'ত্রয়ী মহাকাব্য' কাকে বলা হয় ? এই মহাকাব্যের তিনটি অংশের বিষয়বস্তু কী কী ?
গ) 'সহমরণ বিষয়ক প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ' কে কোন উদ্দেশ্যে কত সালে রচনা করেছিলেন ?
ঘ) 'A Grammar of Bengalee Language' কার রচিত গ্রন্থটির প্রকাশকালসহ লেখো।
ঙ) বঙ্কিমচন্দ্রের প্রথম কোন উপন্যাস কত সালে 'বঙ্গদর্শন' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ?
চ) বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে উত্তরবঙ্গের সন্ন্যাসী বিদ্রোহের প্রসঙ্গ আছে ? উপন্যাসটির প্রকাশকাল লেখো।
ছ) শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত গ্রন্থের নাম কী ? তাঁর অসমাপ্ত উপন্যাস 'শেষের পরিচয়' কে সম্পূর্ণ করেছিলেন ?
জ) কোন নাট্যকার 'রসরাজ' নামে খ্যাত ? তার রচিত দু'টি প্রহসনের নাম লেখো।

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

- ক) বাংলা সাময়িক পত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব সংক্ষেপে বুঝিয়ে লেখো।
খ) অক্ষয়কুমার দত্তের বিজ্ঞান সংক্রান্ত প্রবন্ধগুলির নাম উল্লেখ করে বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসে এগুলির গুরুত্ব বুঝিয়ে দাও।
গ) প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির গুরুত্ব নির্দেশ করো।
ঘ) বাংলা ছোটগল্প রচনায় মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

- ক) বাংলা সাময়িক পত্রের ইতিহাসে 'সংবাদ প্রভাকর'-এর গুরুত্ব আলোচনা করো।
খ) বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।
গ) রবীন্দ্রনাথের ঐশ্বর্য পর্বের কাব্যগুলি সম্পর্কে আলোচনা করো।
ঘ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান আলোচনা করো।